

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭৬.৯১.০৭১.১৯-৩২৪

তারিখ : ২৭.১০.২০১৯খ্রি:

বিষয়: কমিউনিটি ক্লিনিক নির্মাণ সম্পর্কিত।

সূত্র: নং- সিবিএইচসি/নির্মাণ/এইচইডি-০১ (অংশ-১)/২০১৭/৩২০৮,

তারিখ : ১৯.০৯.২০১৯খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি (৪র্থ এইচপিএনএসপি) সেক্টর প্রোগ্রামে Community Based Health Care (CBHC) অপারেশনাল প্ল্যানের অনুকূলে স্বাস্থ্য স্থাপনাবিহীন ১০২৯ (এক হাজার উনত্রিশ)টি সাবেক ওয়ার্ডে একটি করে কমিউনিটি ক্লিনিক নির্মাণের লক্ষ্যে 'ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট' পিএফডি-ওপিতে ১০২৯ (এক হাজার উনত্রিশ)টি কমিউনিটি ক্লিনিক নির্মাণের সংস্থান রয়েছে। মাননীয় মন্ত্রী, মাননীয় সংসদ সদস্যসহ সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গ কমিউনিটি ক্লিনিক নির্মাণের সুপারিশ করে থাকেন। এছাড়া বর্তমানে সাবেক ওয়ার্ডগুলো নতুন ০৪টি ওয়ার্ডে পরিণত, লোকসংখ্যা বেড়ে যাওয়া এবং গ্রামগুলোর দুরত্ব বেশী হওয়ার কারণে সে সব স্থানে জনসংখ্যা অনুপাতে ও চিকিৎসার সুবিধার্থে নতুন কমিউনিটি ক্লিনিক নির্মাণের বিষয়ে নিম্নলিখিত তথ্য প্রদান করা হয়েছে:

ক্রঃ নং	বিভাগ	জেলা	উপজেলা	ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	বর্তমান ওয়ার্ডসহ বিদ্যমান স্বাস্থ্য স্থাপনার নাম	মৌজা/গ্রামের নাম	জমির তফসীল	রেজিস্ট্রিকৃত			যৌক্তিকতা	
					সাবেক/বর্তমান	খতিয়ান নং	দাগ নং	জমিদাতার নাম	জমির পরিমাণ	অঙ্গিকার নামা			
১	রাজশাহী	নাটোর	সিংড়া	কলম	সাবেক-২ বর্তমান-৫	বর্তমান-৬ হরিনা সিসি	উলিয়া বাড়ি	১৪২/১৮ ৩	১৬০/১ ৫৮	মোঃ আব্দুল করিম গং	০৮ শতক	অঙ্গিকার নামা	প্রস্তাবিত ওয়ার্ডে অন্য কোন স্বাস্থ্য স্থাপনা নেই। করচমারীয়া সিসি হতে প্রস্তাবিত সিসি যা সৈয়দপুর, গ্রামটির দুরত্ব প্রায় ৩ কিঃ মিঃ এবং লোক সংখ্যা প্রায় ৭৪৩০ জন।
২	রাজশাহী	সিরাজগঞ্জ	উল্লাহ পাড়া	উধুনিয়া	সাবেক-২ বর্তমান-৪	বর্তমান-৫ রাগমারা সিসি	বেকান্দি	২৪	আর এস-৪৬০	জনাব মোঃ জয়নাল আবেদীন	০৮ শতক	অঙ্গিকার নামা	সাবেক ২নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক আছে যাহা প্রস্তাবিত কমিউনিটি ক্লিনিক হতে ২.৫ (আড়াই) কিঃ মিঃ দুরে অবস্থিত এবং বর্তমানে মোট জনসংখ্যা ১৩৬৭৮ জন।
৩	ময়মনসিংহ	ময়মনসিংহ	নান্দাইল	চতীপাশা	সাবেক-৩ বর্তমান-৮	বর্তমান-৯ নিজ বানাইল সিসি	বাঁশাটি	২১৬১	২৭৩০	রেজিয়া আক্তার	০৮ শতক	অঙ্গিকার নামা	সাবেক ৩ নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক আছে যাহা প্রস্তাবিত কমিউনিটি ক্লিনিক হতে ২ কিঃ মিঃ দুরে অবস্থিত যা হার্ড টু রিচ এলাকা এবং মোট জনসংখ্যা প্রায় ১৪০০১ জন।
৪	চট্টগ্রাম	ফেনী	সদর	ধলিয়া	সাবেক-২ বর্তমান-৬	বর্তমান-৫ আলিপুর সিসি	মাছিম পুর	সিএস-১৪৬ ডিপি-৯৩	সিএস-১২২৯ বিএস-২৮০০	জনাব মোমিনুল হক চৌধুরী	০৮ শতক	অঙ্গিকার নামা	সাবেক ২ নং ওয়ার্ড ও বর্তমানে ৪নং ওয়ার্ডে আলিপুর গ্রামে আলিপুর কমিউনিটি ক্লিনিক আছে যাহা ওয়ার্ডের শেষ প্রান্তে প্রায় ৩ কিঃ মিঃ দুরে অবস্থিত, তার পার্শ্বের গ্রামে মধ্যম ধলিয়া গ্রামে বড়ধলিয়া কমিউনিটি ক্লিনিকটি প্রায় ৫ কিঃ মিঃ দুরে অবস্থিত। বর্তমান ধলিয়া গ্রামের ৬ নং ওয়ার্ডের মোট জনসংখ্যা প্রায় ১০,০০০ জন।

০২। এমতাবস্থায়, উপরোল্লিখিত ভণ্ড্য মোতাবেক বর্ণিত ০৪ (চার)টি প্রাপ্ত আবেদনের বিষয়ে গত ১৪/১০/২০১৯ তারিখের কমিউনিটি ক্লিনিক নির্মাণের প্রস্তাব চূড়ান্তকরণ বিষয়ক গঠিত কমিটির সুপারিশের আলোকে জমির দানপত্র ও অন্যান্য আনুষঙ্গিক প্রয়োজনীয় কাগজপত্র প্রদান সাপেক্ষে কমিউনিটি ক্লিনিক স্থাপনে নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো।

১০৭: -

(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

বিতরণ:

- ১। ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।
- ২। লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।

অনুলিপি :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। মুখ্য সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব